গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার পানি সম্পদ মন্ত্রণালয় আইসিটি শাখা বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গত ২১-০৬-২০১৬ তারিখে বেলা ১১.০০ ঘটিকায় যুগ্ম সচিব (প্রশাসন) এর সভাপতিত্বে মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে পাসম ও এর অধীনস্থ সংস্থাসমূহের ইনোভেশন টিমের সদস্যদের সমন্বয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরনী।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা সংযুক্তিতে দেখানো হলো।

উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতি উপস্থিত সকলকে ইনোভেশন টিমের কার্যপরিধি সম্পর্কে অবহিত করেন। সভায় আইসিটি নীতিমালা-২০১৫ এ বাস্তবায়ন অগ্রগতি, ইনোভেশন কার্যক্রম, আইসিটি জনবল ইত্যাদি বিষয়ে আলোচনা হয়। ইনোভেটিভ ধারনাগুলোতে যাতে নতুনত্ব, কার্যকারিতা, তাৎপর্যময়তা এবং বাস্তবায়নযোগ্যতার প্রতিফলন এবং মন্ত্রণালয় ও সংস্থাসমূহের good practice সমূহের নিয়মিত চর্চার বিষয়ে আলোচনা করা হয়। কমিটির সদস্য উপসচিব বাজেট মন্ত্রণালয়ের চিঠি প্রেরণ, গ্রহণ এবং আইটি কার্যক্রম জোরদার করার জন্য সভায় দৃষ্টি আকর্ষণ করেন।

২। সভায় পাসম এর প্রোগ্রামার আইসিটি নীতিমালা-২০১৫ ছাড়াও ই-সার্ভিস, ইউনিকোড ব্যবহার ইত্যাদি বিষয় উপস্থাপন করেন।

৩। সিদ্বান্তঃ

- ক) আইসিটি নীতিমালা ২০১৫ এর স্বল্প মেয়াদী, মধ্য মেয়াদী ও দীর্ঘ মেয়াদী প্রতিটি বিষয়ের অগ্রগতি প্রতিবেদন যথাযথভাবে প্রেরণ করতে হবে। প্রতিবেদনে বাস্তবায়ন অগ্রগতি সুনির্দিষ্ঠভাবে উল্লেখ করতে হবে। বাস্তবায়নে সমস্যা পরিলক্ষিত হলে তা মন্তব্য কলামে লিখতে হবে। আইসিটি নীতিমালা ২০১৫ এর বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন তিন মাস অন্তর (জানু-মার্চ, এপ্রিল-জুন, জুলাই-সেপ্টেম্বর, অক্টোবর-ডিসেম্বর) এ মন্ত্রণালয়ে যথাসময়ে প্রেরণ করতে হবে।
- খ) বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড মাঠ পর্যায় পর্যন্ত ইনোভেটিভ আইডিয়া প্রদানের জন্য চিঠি দিবে এবং মাসিক ইনোভেশন সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ে প্রেরণ করবে।
- ঘ) বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড আগামী ৩ মাসের মধ্যে প্রতিটি জোনে ইনোভেশন টিম ও সকল কর্মকর্তাগণের সমন্বয়ে ১টি করে সেমিনার / কর্মশালার আয়োজন করবে এবং মন্ত্রণালয়কে অবহিত করবে। উক্ত সেমিনার / কর্মশালার মন্ত্রণালয়ের প্রতিনিধি সংযুক্ত করতে হবে।
- গুত্যেক সংস্থার ওয়েবসাইট কর্মকর্তাগণ এবং ফোকাল পয়েন্টগণের নাম, ফোন ও ই-মেইল ঠিকানাসহ অন্যান্য বিষয়ে হালনাগাদ থাকতে হবে। এ বিষয়ে মন্ত্রণালয় সংস্থাগুলোকে ১৫ কর্মদিবসের মধ্যে পত্র প্রদান করবে।

- চ) বাপাউবো এর ট্রেনিং সেন্টারগুলোতে আইসিটি সংক্রান্ত কি কি কোর্স অর্গুভূক্ত আছে, আইসিটি বিষয়ে কি ধরণের প্রশিক্ষণ দেওয়া হয় ইত্যাদি বিষয়ে মন্ত্রণালয়ের সিস্টেম এনালিস্ট ও প্রোগ্রামার সরেজমিনে ট্রেনিং সেন্টারগুলো পরিদর্শন করবেন।
- ছ) দাপ্তরিক কাজ সহজীকরণ করার লক্ষ্যে বিভিন্ন ধরনের ইনোভেটিভ আইডিয়া প্রতি মাসে প্রেরণ করতে হবে এবং ইনোভেশন ফান্ডের জন্য এটুআই প্রকল্পের ওয়েবসাইটের মাধ্যমে আবেদন করতে পারবে।
- জ) মন্ত্রণালয়ের ওয়েবসাইটে বিভিন্ন ধরনের বিজ্ঞপ্তি, দপ্তর আদেশ, নীতিমালা ইত্যাদি প্রকাশের লক্ষ্যে পাসম এর সকল শাখাকে পত্র দিতে হবে।
- ঝ) জারীকৃত পত্রে শাখার ফোন নম্বর, ইমেইল ঠিকানা ও পাসম এর ওয়েবসাইটের নাম উল্লেখ করতে হবে। এছাড়া চিঠির হার্ডকপি প্রেরণের পাশাপাশি স্ক্যান করে ইমেইলের মাধ্যমে প্রেরণ করতে হবে। এ সমস্ত বিষয়ে পাসম এর শাখাগুলোকে পত্র দিতে হবে।
- ঞ) দাপ্তরিক কাজে ইউনিকোড ব্যবহার নিশ্চিত করতে হবে। এ ব্যাপারে আগামী ১ মাসের মধ্যে মাঠ
 পর্যায়ে প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। উক্ত প্রশিক্ষণ কর্মশালায় মন্ত্রণালয়ের প্রতিনিধি
 সংযুক্ত করতে হবে।
- ট) মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহে সেবা পদ্ধতি সহজীকরণ, নাগরিক সেবায় উদ্ভাবন এবং কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি বিষয়ক বিষয়াদি অন্তর্ভুক্ত করে বিদ্যমান কোর্স কারিকুলাম হালনাগাদকরণ এবং প্রয়োজনবোধে নতুন নতুন সংক্ষিপ্ত কোর্স প্রণয়ন নিশ্চিত করতে হবে।
- ঠ) পাসম এর উপসচিব (বাজেট) জনাব নন্দীতা সরকার ১টি ইনোভেটিভ আইডিয়া সভায় উপস্থাপন করেন।
 তিনি মন্ত্রণালয়ে দর্শনার্থীদের জন্য একটি অভিযোগ/পরামর্শ বাক্স রাখার প্রস্তাব করেন।
- ড) ইনোভেশন সভায় CEGIS কে আমন্ত্রণ জানাতে হবে।
- ঢ) ডাটা সেন্টার নেটওয়ার্ক বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।
- ৪। অন্য কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/(২৮.০৬.২০১৬)
(মোঃ খলিলুর রহমান)
যুগ্মসচিব (প্রশাসন)
ও
চীফ ইনোভেশন অফিসার

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)-

ক্রমিক নং	কর্মকর্তাগনের নাম	পদবী ও ঠিকানা
٥	নন্দিতা সরকার	উপসচিব, পানি সম্পদ মন্ত্রণালয়
২	সাজিদা খাতুন	উপপ্রধান, পানি সম্পদ মন্ত্রণালয়
•	মোঃ নজিবুর রহমান	নিৰ্বাহী প্ৰকৌশলী, যৌথ নদী কমিশন
8	কৃষ্ণা চন্দ্ৰ ভদ্ৰ	এসও, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা
Č	আরিফ ইকরামুল আজিম	সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ পানি
		উন্নয়ন বোর্ড
৬	এ এইচ এম তাজুল ইসলাম	আইসিটি ম্যানেজার, ইনস্টিটিউট অব
		ওয়াটার মডেলিং
٩	ড. মোঃ রুহল আমিন	পরিচালক, বাংলাদেশ হাওড় ও
		জলভূমি উন্নয়ন বোর্ড
৮	মোহাঃ ইউসুফ হারুন খান	প্রোগ্রামার, পানি সম্পদ মন্ত্রণালয়
৯	মোঃ শহীদুল্লাহ কায়সার	সিস্টেম এনালিস্ট, পানি সম্পদ
		মন্ত্রণালয়